গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়
প্রশাসন-১ অধিশাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
(www.mochta.gov.bd)

পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়ের বিভিন্ন কার্যক্রমের অগ্রগতি সংক্রান্ত বিশেষ সভার কার্যবিবরণী ।

সভাপতি ঃ জনাব নব বিক্রম কিশোর ত্রিপুরা, এনডিসি
সভার তারিখ ঃ ১৩/০৭/২০১৬ খ্রিঃ
সভার সময় ঃ বেলা ০২.৩০ টা।
সভার স্থান ঃ মন্ত্রণালয়ের সভাকক্ষ।

সভায় উপস্থিত কর্মকর্তাদের তালিকা "পরিশিষ্ট ক"।

সভার শুরুতে সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। তিনি জানান যে, আজ সকাল ০৯.০০ টায় পার্বত্য চট্টগ্রাম আঞ্চলিক পরিষদের প্রতিনিধিদলের সাথে মুখ্যসচিব মহোদয়ের মধ্যে অনুষ্ঠিত সভার আলোচিত বিষয়সমূহের অগ্রগতি পর্যালোচনার জন্য এক সভা অনুষ্ঠিত হয়। সভায় এ মন্ত্রণালয় সংক্রান্ত বিভিন্ন বিষয়ে আলোচনা হয়।

০২। উক্ত সভার আলোচিত বিষয় ও মন্ত্রণালয়ের করণীয় সম্পর্কে নিম্নরূপ আলোচনা ও সিদ্ধান্ত গ্রহীত হয়ঃ

ক্র.নং	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী কর্তৃপক্ষ
১।	এ বছর ডিসেম্বর মাসে বাংলাদেশে ICIMOD এর বার্ষিক বোর্ড সভা অনুষ্ঠিত হবে। ঐ সভার পূর্বে Partner's Day পালিত হবে। এতে মাননীয় প্রধানমন্ত্রীকে উপস্থিত থাকার জন্য আমন্ত্রণ জানানো প্রয়োজন।	এ ব্যাপারে প্রধানমন্ত্রীর কার্যালয়ে সার সংক্ষেপ প্রেরণ করতে হবে।	যুগ্মসচিব (প্রশাসন), উপসচিব (প্রশাসন)
২।	পার্বত্য অঞ্চলে গত তিন দশকে ৪০০০ পাড়াকেন্দ্র নির্মাণ করা হয়েছে। ৪০০০টি পাড়াকেন্দ্র নির্মাণের সাফল্য উদ্‌যাপনে মাননীয় প্রধানমন্ত্রীর উপস্থিতির সম্মতি পাওয়া গেলে তা পার্বত্যবাসীকে অনুপ্রাণিত করবে।	এ ব্যাপারে প্রধানমন্ত্রীর কার্যালয়ে সার সংক্ষেপ প্রেরণ করতে হবে।	যুগ্মসচিব (উন্নয়ন), ভাইস-চেয়ারম্যান (পাঃচঃউঃবোর্ড), উপসচিব (উন্নয়ন)
৩।	পার্বত্য অঞ্চলের সার্কেল চীফ, হেডম্যান ও কারবারীদের ভাতা বৃদ্ধির বিষয়ে আলোচনা হয়। যেহেতু ইতোমধ্যে জীবন যাত্রার ব্যয় বৃদ্ধি পেয়েছে এবং সরকারি কর্মচারীদেরও বেতন ভাতাদি বৃদ্ধি করা হয়েছে সেহেতু বর্তমান সময়ের সাথে সামঞ্জস্য রেখে সার্কেল চীফ, হেডম্যান ও কারবারীদের ভাতাদি বৃদ্ধি যুক্তিযুক্ত। এছাড়া সরকারি হিসাব অনুযায়ী কারবারীদের সঠিক সংখ্যা নির্ধারণের বিষয়ে আলোচনা হয়।	সার্কেল চীফদের ভাতা মাসিক ২৫,০০০/-, হেডম্যানদের ৫,০০০/- এবং কারবারীদের ২,০০০/- টাকায় উন্নীত করার জন্য প্রস্তাব প্রেরণ করতে হবে। এতে কত আর্থিক সংশ্লেষ হবে তা নিরূপণ করে উল্লেখ করতে হ'বে। সরকারি হিসাব অনুযায়ী কারবারীদের সঠিক সংখ্যা নিরূপনের জন্য তিন পার্বত্য জেলার জেলা প্রশাসকের নিকট তথ্য চেয়ে পত্র প্রেরণ করতে হবে।	যুগ্মসচিব (পরিষদ), জেলা প্রশাসক, তিন পার্বত্য জেলা, সিনি:সহ:সচিব (পরিষদ-১) পাচবিম
৪।	২০১২ সালে মাননীয় প্রধানমন্ত্রীর সাথে সার্কেল চীফ, হেডম্যান ও কারবারীদের সাথে ১ম বৈঠক অনুষ্ঠিত হয়েছিল। মাননীয় প্রধানমন্ত্রী সার্কেল চীফ, হেডম্যান ও কারবারীদের সাথে আবারও মতবিনিময় করবেন।	এ ব্যাপারে প্রধানমন্ত্রীর কার্যালয়ে সার সংক্ষেপ প্রেরণ করতে হবে।	যুগ্মসচিব (পরিষদ), সিনি:সহ:সচিব (পরিষদ-১)

৫।	পার্বত্য অঞ্চলে যে সকল হেডম্যানদের অফিস ঘর নেই তাদের অফিস ঘর নির্মাণের জন্য উদ্যোগ নেয়া প্রয়োজন।	মন্ত্রণালয় এ বিষয়ে DPP তৈরী করে অনুমোদনের জন্য পরিকল্পনা বিভাগে প্রেরণ করবে।	যুগ্মসচিব (পরিষদ), মুখ্য/প্রধান নির্বাহী কর্মকর্তাবৃন্দ, তিন পার্বত্য জেলা
৬।	CHT Complex এর নির্মাণ কাজ দ্রুত সম্পন্নকরণের ব্যাপারে আলোচনা করা হয়।	পিডব্লিউডি-কে পত্র দিতে হবে এবং নিয়মিত যোগাযোগ রাখতে হবে।	যুগ্মসচিব (উন্নয়ন)
৭।	রাঙ্গামাটিতে বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় প্রকল্প কাজের গতি মন্থর। কাজ দ্রুত সম্পন্ন করতে হবে।	বিশ্ববিদ্যালয়ের জমি অধিগ্রহণের প্রক্রিয়া তরান্বিত করতে হবে।	যুগ্মসচিব (উন্নয়ন) জেলা প্রশাসক, রাঙ্গামাটি
৮।	বান্দরবানে ৪৬,৭৫০ একর জমি রাবার বাগানের জন্য ইজারা দেয়া হয়েছিল। যে উদ্দেশ্যে জমি বরাদ্দ দেয়া হয়েছিল তা যথাযথ বাস্তবায়ন না করায় কিছু জমির বরাদ্দ ইতিপূর্বে বাতিল করা হয়েছিল।	এ বিষয়ে হালনাগাদ তথ্য সরবরাহের জন্য জেলা প্রশাসক, বান্দরবান-কে পত্র দিতে হবে।	যুগ্মসচিব (পরিষদ)
৯।	পার্বত্য চট্টগ্রাম সংক্রান্ত বিভিন্ন আইন ও বিধিমালা সংশোধনের কাজ খুব ধীরগতিতে হচ্ছে যা দ্রুত নিষ্পন্ন করার ব্যবস্থা নিতে হবে।	জরুরী ভিত্তিতে সভা করতে হবে। UNDP কনসালটেন্ট ও আইন বিষয়ক বিশেষজ্ঞ জনাব ফিরোজ মিয়াকে সভায় আমন্ত্রণ করতে হবে। এছাড়া পার্বত্য চট্টগ্রাম আঞ্চলিক পরিষদের আইন সংশোধনের জন্য জনাব গৌতম চাকমা, সম্মানিত সদস্যকে সুনির্দিষ্ট প্রস্তাব দেওয়ার জন্য পত্র দিতে হবে।	যুগ্মসচিব (প্রশাসন), উপসচিব (পরিষদ-২), সহকারী সচিব (আইন)
১০।	পার্বত্য চট্টগ্রাম আঞ্চলিক পরিষদ প্রস্তাবিত Rules of Business এবং Allocation of Business জরুরী ভিত্তিতে সংশোধনের ব্যাপারে বিস্তারিত আলোচনা হয়।	আগামী ৬ সপ্তাহের মধ্যে বিষয়টি নিষ্পত্তি করার লক্ষ্যে উদ্যোগ নিতে হবে।	যুগ্মসচিব (প্রশাসন), উপসচিব (পরিষদ-২), সহকারী সচিব (আইন)
১১।	<u>বিবিধঃ</u> ক) পার্বত্য চট্টগ্রাম আঞ্চলিক পরিষদ কর্তৃক ইতিপূর্বে প্রণীত ও জারীকৃত আঞ্চলিক পরিষদ কর্মচারী চাকুরী প্রবিধানমালা-১৯৯৯ সংশোধনীর বিষয়ে আলোচনা হয়। খ) বাংলাদেশ সচিবালয় নির্দেশমালার আলোকে আঞ্চলিক পরিষদ কর্তৃক প্রস্তাবিত আইনের সংশোধনের বিষয়ে আলোচনা হয়।	ক) জরুরী ভিত্তিতে সংশোধনের প্রয়োজনীয় ব্যবস্থা নিতে হবে। খ) এ বিষয়ে সুনির্দিষ্ট প্রস্তাব প্রেরণের জন্য পার্বত্য চট্টগ্রাম আঞ্চলিক পরিষদ-কে পত্র প্রদানের সিদ্ধান্ত হয়।	যুগ্মসচিব (প্রশাসন), উপসচিব (পরিষদ-২),

০৩। সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভাপতি সভার সমাপ্তি ঘোষণা করেন।

স্বাক্ষরিত/-
১৪/০৭/২০১৬
(নব বিক্রম কিশোর ত্রিপুরা এনডিসি)
সচিব

চলমান পাতা

(-২৯.০০.০০০০.২১৩.০৬.০৩৬.১৩-২৮ তারিখ ঃ ১৭/০৭/২০১৬ খ্রিঃ

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়)ঃ

১। অতিরিক্ত সচিব (সকল), পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। যুগ্ম সচিব (সকল), পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩। ভাইস-চেয়ারম্যান, পার্বত্য চট্টগ্রাম উন্নয়ন বোর্ড, রাঙ্গামাটি।
৪। প্রধান নির্বাহী কর্মকর্তা, পার্বত্য চট্টগ্রাম আঞ্চলিক পরিষদ, রাঙ্গামাটি।
৫। উপসচিব (সকল)/উপপ্রধান, পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৬। জেলা প্রশাসক, রাঙ্গামাটি/বান্দরবান/খাগড়াছড়ি পার্বত্য জেলা।
৭। মুখ্য নির্বাহী কর্মকর্তা, রাঙ্গামাটি/বান্দরবান/খাগড়াছড়ি পার্বত্য জেলা পরিষদ।
৮। প্রধান নির্বাহী কর্মকর্তা, ভারত প্রত্যাগত উপজাতীয় শরণার্থী প্রত্যাবাসন ও পুর্নবাসন এবং অভ্যন্তরীণ উদ্বাস্তু নির্দিষ্টকরণ ও পুনর্বাসন সম্পর্কিত টাস্কফোর্স, খাগড়াছড়ি।
৯। সিনিয়র সহকারী সচিব (সকল), পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১০। প্রতিমন্ত্রীর একান্ত সচিব, পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১১। সচিবের একান্ত সচিব, পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
১২। সহকারী সচিব (সকল), পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১৩। আইসিটি স্পেশালিস্ট/সহকারী প্রোগ্রামার, পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়, ঢাকা (সমন্বয় সভার কার্যবিবরণীটি ওয়েবসাইটে প্রকাশের অনুরোধ করা হল)।
১৪। অফিস কপি।

১৭/৭

(সুবিনয় ভট্টাচার্য্য)
উপসচিব
ফোন: ৯৫৭৬৬৪৩
E-mail : a.mochta@yahoo.com